# ইতিহাসের গুরুত্বপূর্ণ 50 টি MCQ প্রশ্ন উত্তর Set-01

## History MCQ in Bengali PDF Download | ইতিহাসের গুরুত্বপূর্ণ 50 টি MCQ প্রশ্ন উত্তর Set-01

১. কোন বিদ্রোহকে ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রাম বলা হয়?

(a) কোল বিদ্রোহ

(b) সিপাহী বিদ্রোহ✓

(c) চুয়াড় বিদ্রোহ

(d) পলিগার বিদ্রোহ

**জেনে রাখো: ১৮৫৭ সালের মহাবিদ্রোহ বা সিপাহী বিদ্রোহকে ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রাম বলা হয়। বিনায়ক দামোদর সাভারকর, হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়, অধ্যাপক সুশোভন সরকার এই বিদ্রোহকে প্রথম স্বাধীনতা সংগ্রাম হিসাবে অভিহিত করেছিলেন। কারণ, এই বিদ্রোহে যত সিপাহী অংশগ্রহণ করেছিল তার তুলনায় অনেক বেশি সাধারণ মানুষ অংশগ্রহণ করেছিল।**

২. স্ত্রীশিক্ষা বিস্তারের জনক কাকে বলা হয়?

(a) বঙ্কিমচন্দ্র

(b) বিদ্যাসাগর✓

(c) রামমোহন

(d) রবীন্দ্রনাথ

**জেনে রাখো: স্ত্রীশিক্ষা বিস্তারের জনক বলা হয় বিদ্যাসাগরকে। তিনি ১৮৪৯ খ্রিস্টাব্দে বেথুন সাহেবের সহযোগিতায় গঠন করেন 'ফিমেল জুভেনাইল সোসাইটি' এবং তাঁর উদ্যোগে বেথুন কলেজও গড়ে ওঠে। বালিকাদের জন্য তিনি ৩৫ টি বালিকা বিদ্যালয় স্থাপন করেন।**

৩. সতীদাহ প্রথা কে নিষিদ্ধ ঘোষণা করেন?

(a) লর্ড ক্লাইভ

(b) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক✓

(c) রামমোহন

(d) বিদ্যাসাগর

**জেনে রাখো: লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক সতীদাহ প্রথা নিষিদ্ধ ঘোষণা করেন। রামমোহনের প্রচেষ্টায় বড়লাট লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক ১৮২৯ খিষ্টাব্দে রেগুলেশন XVII দ্বারা সতীদাহ নিষিদ্ধ করেন।**

৪. আলবেরুনী রচিত গ্রন্থটির নাম কি?

(a) রাজতরঙ্গিনী

(b) তারিখ-ই-হিন্দুস্থান

(c) মুদ্রারাক্ষস

(d) কিতাব উল হিন্দ✓

৫. কোন ভারতীয় রাজার সাম্রাজ্য ভারতের বাইরে বিস্তৃত ছিল?

(a) অশোক

(b) কনিষ্ক

(c) চন্দ্রগুপ্ত মৌর্য

(d) কনিষ্ক ও চন্দ্রগুপ্ত মৌর্য উভয়েরই✓

**জেনে রাখো: কনিষ্ক ও চন্দ্রগুপ্ত মৌর্য উভয়েরই সাম্রাজ্য ভারতের বাইরে বিস্তৃত ছিল। কনিষ্কের সাম্রাজ্য তাজাকিস্তান, দক্ষিণ উজবেকিস্তান এবং পাকিস্তানের উত্তর-পশ্চিম পর্যন্ত, আর চন্দ্রগুপ্ত মৌর্য সেলুকাসকে পরাজিত করে সিন্ধু নদীর পশ্চিমের অংশ অধিকার করেছিলেন।**

৬. হিন্দু পেট্রিয়ট পত্রিকার সম্পাদক কে ছিলেন?

(a) হরিশচন্দ্র মুখোপাধ্যায়✓

(b) অরবিন্দ ঘোষ

(c) বালগঙ্গাধর তিলক

(d) সুরেন্দ্রনাথ ব্যানার্জি

**জেনে রাখো: হিন্দু পেট্রিয়ট পত্রিকার সম্পাদক ছিলেন হরিশচন্দ্র মুখোপাধ্যায়। ব্রিটিশের হাতে নীল চাষীদের অত্যাচারের কাহিনী তুলে ধরতে এই পত্রিকাটি বিশেষ ভূমিকা পালন করেছিল।**

৭. মর্লে-মিন্টো সংস্কার কত সালে হয়?

(a) ১৯১১ সালে

(b) ১৯১৩ সালে

(c) ১৯০৯ সালে✓

(d) ১৯০৭ সালে

**জেনে রাখো: মলে-মিন্টো সংস্কার হয় ১৯০৯ সালে। এই সংস্কার দ্য ইন্ডিয়ান কাউন্সিল অ্যাক্ট ১৯০৯ নামেও পরিচিত।**

৮. ১৯১৬ সালে বালগঙ্গাধর তিলক কোথায় হোমরুল লীগ গঠন করেছিলেন?

(a) পুনে✓

(b) বিহার

(c) বেলগাঁও

(d) গুজরাট

**জেনে রাখো: ১৯১৬ সালে বালগঙ্গাধর তিলক পুনেতে হোমরুল লীগ গঠন করেছিলেন। ১৯২০ সালে সারা ভারত হোমরুল লীগের সভাপতি নির্বাচিত হন মহাত্মা গান্ধি।**

৯. কোন সালে মহাত্মা গান্ধি দক্ষিণ আফ্রিকা থেকে ভারতে ফিরে এসেছিলেন?

(a) ১৯০৫ খ্রিস্টাব্দে

(b) ১৯১১ খ্রিস্টাব্দে

www.siksakul.com

(c) ১৯১৫ খ্রিস্টাব্দে✓

(d) ১৯২১ খ্রিস্টাব্দে

**জেনে রাখো: ১৯১৫ খিষ্টাব্দে মহাত্মা গান্ধি দক্ষিণ আফ্রিকা থেকে ভারতে ফিরে এসেছিলেন। প্রায় ২১ বছর দক্ষিণ আফ্রিকায় বসবাস করার পর ১৯১৪ সালের ১৮ জুলাই গান্ধীজি ভারতের উদ্দেশ্যে রওনা হয়েছিলেন। দক্ষিণ আফ্রিকা ছাড়ার পর ১৯১৫ সালের ৯ জানুয়ারি তিনি মুম্বাই এসে পৌঁছান। গান্ধীজির ভারতে প্রত্যাবর্তনের দিনটি স্মরণীয় করে রাখতে প্রতি বছর ঐ দিনটিকে প্রবাসী ভারতীয় দিবস পালিত হয়।**

১০. ক্রিপস মিশনকে কে একটি পোস্ট ডেটেড চেক বলে অভিহিত করেন?

(a) মহাত্মা গান্ধি✓

(b) বি. আর. আম্বেদকর

(c) বালগঙ্গাধর তিলক

(d) লালা লাজপত রায়

**জেনে রাখো: মহাত্মা গান্ধি ক্রিপস মিশনকে একটি পোস্ট ডেটেড চেক বলে অভিহিত করেন। স্যার স্যাফোর্ড ক্রিপস ছিলেন এই মিশনের প্রধান।**

১১. 'এ্যান এরা অফ ডার্কনেস: দ্য ব্রিটিশ এম্পায়ার ইন ইন্ডিয়া'- গ্রন্থটির লেখক কে?

(a) বল্লাল সেন

(b) অমলেশ ত্রিপাঠী

(c) শশী থারু✓

(d) অরবিন্দ ঘোষ

১২. মৌর্য সাম্রাজ্যের পতনের পর নিম্নলিখিত কোন বংশ মগধ শাসন করেছিল?

(a) নন্দ বংশ

(b) শুঙ্গ বংশ✓

(c) গুপ্ত বংশ



www.siksakul.com

# ইতিহাসের গুরুত্বপূর্ণ 50 টি MCQ প্রশ্ন উত্তর Set-01

(d) শিশুনাগ বংশ

১৩. কোন লিপিতে সম্রাট অশোকের শিলা রচিত হয়েছিল?

(a) পালি

(b) মাগধী✓

(c) দেবনাগরী

(d) সংস্কৃত

**জেনে রাখো: মাগধী লিপিতে সম্রাট অশোকের শিলা রচিত হয়েছিল। অশোকের উপাধি বা অপর নাম প্রিয়দর্শী।**

১৪. নিম্নলিখিত কোন ব্যক্তি ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহে অংশগ্রহণ করেনি?

(a) টিপু সুলতান✓

(b) রানী লক্ষ্মীবাঈ

(c) নানাসাহেব

(d) তাঁতিয়া টোপি

**জেনে রাখো: টিপু সুলতান ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহে অংশগ্রহণ করেনি। তিনি ১৭৯৯ সালের ৪ মে চতুর্থ অ্যাংলো মহীশূর যুদ্ধে ব্রিটিশদের হাতে পরাজিত ও নিহত হন।**

১৫. মুন্ডা বিদ্রোহে কে নেতৃত্ব দেন?

(a) বিরসা✓

(b) আবু তোরাপ

(c) গোলাম মাসুম

(d) কোড়া মান্না

# ইতিহাসের গুরুত্বপূর্ণ 50 টি MCQ প্রশ্ন উত্তর Set-01

**জেনে রাখো: মুন্ডা বিদ্রোহে নেতৃত্ব দান করেছিল বিরসা মুন্ডা। ১৮৯৯-১৯০০ সালে রাঁচির দক্ষিনে এই আন্দোলন সংঘটিত হয়েছিল। স্বাধীন মুন্ডা রাজ্যের প্রতিষ্ঠা ছিল এই আন্দোলনের মূল লক্ষ্য।**

১৬. পিটের ভারত শাসন আইন কত সালে প্রণীত হয়?

(a) ১৭৯৬ খ্রিস্টাব্দে

(b) ১৭৮১ খ্রিস্টাব্দে

(c) ১৮৯৬ খ্রিস্টাব্দে

(d) ১৭৮৪ খ্রিস্টাব্দে✓

**জেনে রাখো: পিটের ভারত শাসন আইন পাস হয়েছিল ১৭৮৪ খ্রিস্টাব্দে। ১৭৭৩ খিষ্টাব্দের রেগুলেটিং অ্যাক্টে যে ত্রুটি বিচ্যুতিগুলি ছিল তা এই আইনের মাধ্যমে দূর করা হয়।**

১৭. কলকাতায় অনুশীলন সমিতির সূচনা করেছিলেন কে?

(a) পুলিনবিহারী দাস

(b) সতীশ চন্দ্র বসু।✓

(c) বটুকেশ্বর দত্ত

(d) অশ্বিনীকুমার দত্ত

**জেনে রাখো: কলকাতায় অনুশীলন সমিতির সূচনা করেছিলেন সতীশ চন্দ্র বসু। এ ব্যাপারে তাকে সাহায্য করেছিলেন ব্যারিস্টার প্রমথ মিত্র। ঢাকার অনুশীলন সমিতির প্রতিষ্ঠাতা পুলিনবিহারী দাস।**

১৮. কোন সৌধের রং গোলাপী?

(a) মোতিমহল

(b) মুমতাজমহল

(c) হাওয়া মহল✓

(d) তাজমহল

**জেনে রাখো: রাজস্থানের জয়পুরে অবস্থিত হাওয়া মহলের রং গোলাপী। ১৭৯৯ খ্রিস্টাব্দে সোয়াই প্রতাপ সিং এটি নির্মাণ করেছিলেন।**

১৯. তত্ত্ববোধিনী সভার প্রতিষ্ঠাতা কে?

(a) দেবেন্দ্রনাথ ঠাকুর✓

(b) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

(c) কৃষ্ণ কুমার মিত্র

(d) কেশব চন্দ্র সেন

**জেনে রাখো: তত্ত্ববোধিনী সভার প্রতিষ্ঠাতা দেবেন্দ্রনাথ ঠাকুর। ১৮৩৯ সালের ৬ অক্টোবর কিছু সংস্কারক হিন্দু ধর্ম ও সমাজ সংস্কারের উদ্দেশ্যে তত্ত্ববোধিনী সভা স্থাপন করেন। এই সভার অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর।**

২০. গান্ধিজি কত সালে অসহযোগ আন্দোলন প্রত্যাহার করে?

(a) ১৯২০ সালের ১২ নভেম্বর

(b) ১৯২২ সালের ৫ ফেব্রুয়ারি

(c) ১৯২২ সালের ১২ ফেব্রুয়ারি✓

(d) ১৯২০ সালের ১৩ নভেম্বর

২১. সলবাই-এর সন্ধি কত খ্রিস্টাব্দে স্বাক্ষরিত হয়?

(a) ১৭৯২ খ্রিস্টাব্দে

(b) ১৭৮২ খ্রিস্টাব্দে✓

(c) ১৮৫৭ খ্রিস্টাব্দে

(d) ১৭৯৩ খ্রিস্টাব্দে

# ইতিহাসের গুরুত্বপূর্ণ 50 টি MCQ প্রশ্ন উত্তর Set-01

**জেনে রাখো: মারাঠা নায়ক মহাদজী সিন্ধিয়ার মধ্যস্থতায় ইংরেজ ও মারাঠা সরকারের মধ্যে ১৭৮২ খ্রিস্টাব্দে সলবাই এর সন্ধি সম্পাদিত হয়।**

২২. ইবাদৎখানা কে প্রতিষ্ঠা করেন?

(a) বৈরাম খাঁ

(b) শাহজাহান

(c) সংগ্রাম সিং

(d) আকবর✓

**জেনে রাখো: সম্রাট আকবর ফতেপুর সিক্রিতে 'ইবাদৎখানা' প্রতিষ্ঠা করেন। এটি ছিল ধর্মালোচনা গৃহ।**

২৩. স্বত্ববিলোপ নীতি কে প্রবর্তন করেন?

(a) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক

(b) লর্ড ডালহৌসী✓

(c) লর্ড ক্লাইভ

(d) লর্ড ওয়ারেন হেস্টিংস

২৪. তাজমহল কার শাসনকালে নির্মিত হয়?

(a) আকবর

(b) শাহজাহান✓

(c) ঔরঙ্গজেব

(d) জাহাঙ্গীর

**জেনে রাখো: শাহজাহানের শ্রেষ্ঠ স্থাপত্য কীর্তি তাজমহল। প্রায় ২২ বছর ধরে তিন কোটি টাকা ব্যয়ে তাজমহল নির্মিত হয়। ১৬৩১ খিষ্টাব্দে বেগম মমতাজ-এর মৃত্যুর পর তাঁর সমাধির ওপর এই স্মৃতিসৌধ নির্মাণ করা হয়।**

২৫. 'Poverty and Un-British rule in India' গ্রন্থের প্রবক্তা কে?

(a) দাদাভাই নৌরজী✓

(b) ডেভিড হেয়ার

(c) লালা লাজপত রায়

(d) চার্লস উড

**জেনে রাখো: দাদাভাই নৌরোজী ১৮৭০ খ্রিস্টাব্দে 'Poverty and Un-British rule in India' নামে একটি গ্রন্থ প্রকাশ করেন।**

২৬. আত্মীয় সভা কে প্রতিষ্ঠিতা করেন?

(a) দয়ানন্দ সরস্বতী

(b) লালা লাজপৎ রায়

(c) রামমোহন রায়✓

(d) আত্মারাম পান্ডুরঙ্গ

**জেনে রাখো: রাজা রামমোহন রায় ১৮১৫ খ্রিস্টাব্দে কলকাতায় আত্মীয় সভা স্থাপন করেন।**

২৭. আর্য সমাজের প্রতিষ্ঠাতা কে?

(a) রাজা রামমোহন রায়

(b) দয়ানন্দ সরস্বতী✓

(c) মহাদেব গোবিন্দ রানাডে

(d) বিদ্যাসাগর

**জেনে রাখো: স্বামী দয়ানন্দ সরস্বতী ১৮৭৫ খিষ্টাব্দে আর্য সমাজ প্রতিষ্ঠা করেন।**

২৮. চম্পারন সত্যাগ্রহ কত খ্রিস্টাব্দে হয়েছিল?

(a) ১৯১৭ খ্রিস্টাব্দে✓

(b) ১৯০৯ খ্রিস্টাব্দে

(c) ১৯০২ খ্রিস্টাব্দে

(d) ১৯১৫ খ্রিস্টাব্দে

২৯. কাকোরি ষড়যন্ত্র মামলা কত খ্রিস্টাব্দে হয়েছিল?

(a) ১৯২০ খ্রিস্টাব্দে

(b) ১৯১৫ খ্রিস্টাব্দে✓

(c) ১৯২৫ খ্রিস্টাব্দে

(d) ১৯২৯ খ্রিস্টাব্দে

৩০. দ্বি-জাতি তত্ত্বের প্রবক্তা হলেন-

(a) মহম্মদ আলি জিন্নাহ

(b) মহম্মদ ইকবাল

(c) সৈয়দ আহম্মদ খাঁ✓

(d) মহাত্মা গান্ধি

**জেনে রাখো: হিন্দু ও মুসলমান দুটি পৃথক জাতি। এই তত্ত্বই দ্বিজাতি তত্ত্ব নামে পরিচিত। এই ধারণার বীজ বপন করেন স্যার সৈয়দ আহম্মদ। পরবর্তীকালে মহম্মদ আলি জিন্নাহ এই দ্বিজাতি তত্ত্ব প্রচার করেন এবং মুসলমানদের জন্য পৃথক রাষ্ট্রের দাবিতে আন্দোলন শুরু করেন। এই আন্দোলন থেকেই পৃথক পাকিস্তান রাষ্ট্রের সৃষ্টি হয়।**

৩১. 'ভারত শাসন আইন' কত খ্রিস্টাব্দে পার্লামেন্টে পাস হয়?

(a) ১৮৫৮ খ্রিস্টাব্দে✓

(b) ১৮৫৭ খ্রিস্টাব্দে

(c) ১৮৫৫ খ্রিস্টাব্দে

(d) ১৮৬০ খ্রিস্টাব্দে

৩২. তেলেঙ্গানা আন্দোলন কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়েছিল?

(a) ১৯৪৬ খ্রিস্টাব্দে✓

(b) ১৯৫৬ খ্রিষ্টাব্দে

(c) ১৯৫৩ খ্রিস্টাব্দে

(d) ১৯৪২ খ্রিস্টাব্দে

৩৩. কাদের মধ্যে বক্সারের যুদ্ধ সংঘটিত হয়?

(a) রঞ্জিৎ সিং ও ইংরেজ

(b) সিরাজউদ্দৌলা ও ইংরেজ

(c) মীরকাশিম ও ইংরেজ✓

(d) কোনোটিই সঠিক নয়

**জেনে রাখো: ১৭৬৪ খ্রিষ্টাব্দে বক্সারের প্রান্তরে মীরকাসিম ও ইংরেজদের মধ্যে বক্সারের যুদ্ধ সংঘটিত হয়।**

৩৪. 'পাট্টা ও কবুলিয়ত' কে প্রবর্তন করেন?

(a) শিবাজী

(b) শেরশাহ✓

(c) আকবর

(d) ঔরঙ্গজেব

৩৫. ছিয়াত্তরের মন্বন্তর কত খ্রিস্টাব্দে হয়েছিল?

(a) ১৮৭৬ খ্রিস্টাব্দে

(b) ১৭৭৬ খ্রিস্টাব্দে

(c) ১৭৭০ খ্রিস্টাব্দে✓

(d) ১৭৭২ খ্রিস্টাব্দে

**জেনে রাখো: বাংলায় ১১৭৬ সালে এই ভয়াবহ দুর্ভিক্ষ দেখা দিয়েছিল। ছিয়াত্তরের মন্বন্তরের ফলে অগণিত মানুষ ও পশুর মৃত্যু ঘটেছিল।**

৩৬. আজাদ হিন্দ বাহিনী কে প্রতিষ্ঠা করেছিলেন?

(a) সুভাষচন্দ্র বসু

(b) রাসবিহারী বসু✓

(c) অরবিন্দ ঘোষ

(d) বিপিনচন্দ্র পাল

৩৭. কার উদ্যোগে ইলবার্ট বিল পাস হয়?

(a) লর্ড রিপন✓

(b) লর্ড ক্যানিং

(c) লর্ড ওয়ারেন হেস্টিংস

(d) লর্ড ক্লাইভ

৩৮. প্রার্থনা সমাজ কে প্রতিষ্ঠা করেন?

(a) স্বামী দয়ানন্দ সরস্বতী

(b) রাজা রামমোহন রায়

(c) আত্মারাম পান্ডুরঙ্গ✓

(d) কেশবচন্দ্র সেন

**জেনে রাখো: ১৮৬৭ খ্রিস্টাব্দে বোম্বাইতে প্রার্থনা সমাজ প্রতিষ্ঠা করেন ড. আত্মারাম পান্ডুরঙ্গ।**

www.siksakul.com

৩৯. হিন্দু বিধবা বিবাহ আইন কত খ্রিস্টাব্দে পাশ হয়?

(a) ১৮৪৯ খ্রিস্টাব্দে

(b) ১৮৫৬ খ্রিস্টাব্দে✓

(c) ১৮২৯ খ্রিস্টাব্দে

(d) ১৮৫৫ খ্রিস্টাব্দে

**জেনে রাখো: বিদ্যাসাগরের ঐকান্তিক প্রচেষ্টায় ১৮৫৬ খ্রিস্টাব্দে লর্ড ডালহৌসি হিন্দু বিধবা বিবাহ আইন সিদ্ধ বলে ঘোষণা করেন।**

৪০. রাজপুত নীতি কে প্রবর্তন করেন?

(a) সংগ্রাম সিং

(b) শিবাজী

(c) শেরশাহ

(d) আকবর✓

৪১. কার আমলে বর্গী ও শিলাদার নামে অশ্বারোহী বাহিনী ছিল?

(a) শাহজাহান

(b) শেরশাহ

(c) শিবাজী✓

(d) সংগ্রাম সিং

৪২. উডের ডেসপ্যাচ কত খ্রিস্টাব্দে হয়েছিল?

(a) ১৮৫৪ খ্রিস্টাব্দে✓

(b) ১৭১৮ খ্রিস্টাব্দে

(c) ১৭৫২ খ্রিস্টাব্দে

(d) ১৮৫২ খ্রিস্টাব্দে

৪৩. 'দীন-ই-ইলাহী' কে প্রবর্তন করেন?

(a) হুমায়ুন

(b) আকবর✓

(c) শাহজাহান

(d) বাবর

**জেনে রাখো: ১৫৮২ খ্রিস্টাব্দে আকবর 'দীন-ই-ইলাহী' নামে এক ধর্মমত প্রবর্তন করেন। 'দীন-ই-ইলাহী' কথার অর্থ হল একেশ্বরবাদী ধর্ম।**

৪৪. হলদিঘাটের যুদ্ধ কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়েছিল?

(a) ১৫৭৬ খ্রিস্টাব্দে✓

(b) ১৫৫৮ খ্রিস্টাব্দে

(c) ১৫৫৬ খ্রিস্টাব্দে

(d) ১৫৯২ খ্রিস্টাব্দে

৪৫. নুরজাহানের আসল নাম কি ছিল?

(a) লক্ষ্মী বাঈ

(b) মীরা বাঈ

(c) মেহেরুন্নিসা✓

(d) যোধা বাঈ

৪৬. 'তারিখ-ই-ফিরোজশাহী' গ্রন্থের রচয়িতা কে?

(a) আবুল ফজল

(b) নিজামুদ্দিন আহম্মদ

(c) জিয়াউদ্দিন বারানী✓

(d) ফৈজি সিরহিন্দ

৪৭. কলকাতা মেডিকেল কলেজ কে প্রতিষ্ঠা করেন?

(a) রামমোহন রায়

(b) বিদ্যাসাগর

(c) লর্ড ডালহৌসী

(d) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক✓

৪৮. ভারতের প্রথম সংবাদপত্র কবে প্রকাশিত হয়?

(a) ১৮১৮ খ্রিস্টাব্দে

(b) ১৭৮০ খ্রিস্টাব্দে✓

(c) ১৭৯২ খ্রিস্টাব্দে

(d) ১৮৮০ খ্রিস্টাব্দে

**জেনে রাখো: ১৭৮০ খ্রিস্টাব্দে ২৯ জানুয়ারি ভারতের প্রথম সংবাদপত্র 'দ্য বেঙ্গল গেজেট' নামক পত্রিকাটি প্রকাশ করেছিলেন জেমস অগাস্টাস হিকি।**

৪৯. উনবিংশ শতকে কাকে 'সমন্বয়ের প্রতীক' বলা হয়?

(a) রামমোহন রায়✓

(b) বিদ্যাসাগর

(c) ডিরোজিও

(d) অক্ষয় কুমার দত্ত

৫০. কোন ব্রিটিশ শাসকের আমলে বঙ্গভঙ্গ হয়েছিল?

(a) লর্ড ক্লাইভ



www.siksakul.com

(b) লর্ড কার্জন✓

(c) লর্ড ওয়েলেসলী

(d) লর্ড ওয়ারেন হেস্টিংস

www.siksakul.com